

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২৯

٩. यन भलाता त्रु पिष्ठ छे अतिभागा (كتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ যেই যিকরের বদৌলতে মহান আল্লাহ মানুষকে আসমান সমূহের ওয়ন সমপরিমাণ সাওয়াব দান করেন

ذِكْرُ التَّسْبِيحِ الَّذِي يُعْطِي اللَّهُ جَلَّ وَعَلَا الْمَرْءَ بِهِ زِنَةَ السَّمَاوَاتِ ثَوَابًا

আরবী

829 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عبد الحميد بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ مَوْلَى آلِ طَلْحَةَ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ إِلَى صَلَاةِ الصَّبْحِ وَجُويْرِيَةُ جَالِسَةٌ فِي الْمَسْجِدِ فَرَجَعَ حِينَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ إِلَى صَلَاةِ الصَّبْحِ وَجُويْرِيَةُ جَالِسَةٌ فِي الْمَسْجِدِ فَرَجَعَ حِينَ تَعَالَى النَّهَارُ فَقَالَ: (لَنْ تَزَالِي جَالِسَةً بَعْدِي؟) قَالَتْ: نَعَمْ قَالَ: (لَقَدْ قُلْتُ أَرْبَعَ كَلِمَاتِ لَوْ وُزِنَتْ بِهِنَّ لَوَزَنَتْهُنَّ سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ وَمِدَادَ كَلِمَاتِهِ وَرِضَا نَفْسِهِ وَزِنَةَ عَرْشه)

قَالَ: أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: جُوَيْرِيَةُ هِيَ بِنْتُ الْحَارِثِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ عَمِّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 829 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮২৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম একবার ফজরের সালাতের উদ্দেশ্যে (বাড়ি থেকে) বের হলেন, এসময় জুয়াইরিয়া রাদিয়াল্লাভ্ আনহা তাঁর সালাতের জায়গায় বসে ছিলেন। সূর্য উর্ধাকাশে উঠার পর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বাসায় ফিরে আসেন। তখন তিনি বলেন, "আমি চলে যাওয়ার পর থেকে তুমি কি এভাবেই বসে ছিলে?" তিনি জবাবে বললেন, "জ্বী, হাাঁ।" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি চারটি বাক্য বলেছি। যদি সেগুলোকে (তোমার এই পর্যন্ত পাঠ করা যিকির-আযকার এর সাথে) ওজন দেওয়া হয়, তবে ওগুলোর চেয়ে এগুলোর ওযন বেশি হয়ে যাবে। বাক্যগুলো হলো: আদ্বৈ ভূবেন্টা ভূবেন্টা তুবাটিছ ত্বেন্টা ভূবেন্টা তুবাটিছ ত্বেন্টা ভূবেন্টা তুবাটিছ তুবাটিছ তুবেন্টা তুবাটিছ তুবাটিছ তুবেন্টা তুবাটিছ তুবাটি



আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি এবং তাঁর প্রশংসা করছি তাঁর সৃষ্টির সংখ্যা পরিমাণ, তাঁর (তাঁর নি'আমত ও প্রশংসার) কালেমা (লিপিবদ্ধ করার) কালি পরিমাণ, তাঁর নিজের সম্ভুষ্টি পরিমাণ এবং তাঁর আরশের ওযন পরিমাণ।)[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহল্লাহ বলেন, "জুয়াইরিয়া হলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চাচা হারিস বিন আব্দুল মুত্তালিব এর মেয়ে।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৫৮; সহীহ মুসলিম: ২৭২৬; আবূ দাউদ: ১৫০৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৯৭; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৬১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৪৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন